

আগামী অর্থবর্ষে টিসিআই ২৫০ কোটি টাকা ব্যয় বাড়াবে

কলকাতা: ট্রান্সপোর্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া ভারতের ইন্টিগ্রেটেড সাপ্লাই চেন এবং লজিস্টিকস সমাধান প্রদানকারী একটি সংস্থা। অর্থ বর্ষ ২০২৩ সালের জন্য ২৫০ কোটি টাকার মূলধন ব্যয় করার পরিকল্পনা নিয়েছে। মূলধন ব্যয় করবে জাহাজ এবং কনটেইনারে ১০০-১২৫ কোটি টাকা। টিসিআই উপর লাইনে ১২-১৫% বৃদ্ধি এবং তলার লাইনে ২০% বৃদ্ধি

দেখছে। মূলধন ব্যয় পরিকল্পনা সম্পর্কে বলতে গিয়ে সংস্থার প্রধান বিনীত আগরওয়াল বলেছেন— ১০০-১২৫ টাকা জাহাজ ও কন্টেইনারে খরচের সঙ্গে ট্রাকের জন্য ৩০-৫০ টাকা হতে পারে। এ ছাড়া গুদাম তৈরির জন্য ৭৫ কোটি টাকা হতে পারে। পরিকাঠামোগত বৃদ্ধি ঘটেছে তাই আমাদের রেল ব্যবসা ও সমুদ্র ব্যবসায় প্রবেশ করা উচিত।